



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা



বিজ্ঞপ্তি

ডি.ও. পত্র নং-৩৪.০০.০০০০.০২০.০৫.০৩৭.২৪-১৬৭

তারিখ ১০ ডিসেম্বর, ২০২৪

বিষয়: 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২৫' এর সহযোগিতায় 'নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের উৎসব ২০২৫' উদযাপনের উদ্যোগ গ্রহণ।

৩০শে ডিসেম্বর ২০২৪ হতে ১৯শে ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২৫' অনুষ্ঠিত হতে যাচ্ছে। সমৃদ্ধ বাংলাদেশ গড়ার নিমিত্তে 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২৫'-কে কেন্দ্র করে 'নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের উৎসব ২০২৫' উদযাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উৎসবমুখর পরিবেশে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন এবং প্রচারের লক্ষ্যে গত ১লা ডিসেম্বর ২০২৪ তারিখ এ উৎসবের 'Media Launch' অনুষ্ঠিত হয়। তরুণদের প্রাণবন্ত অংশগ্রহণে অনুষ্ঠেয় এই উৎসব আগামীতে টেকসই ভবিষ্যৎ গড়া এবং তরুণদের সৃজনশীলতা ও উদ্যমের সফল বাস্তবায়ন ঘটিয়ে ক্ষুধামুক্ত, দূষণমুক্ত ও বেকারত্বহীন বৈষম্যমুক্ত বাংলাদেশ গঠনে উল্লেখযোগ্য মাইলফলক হবে বলে আমি বিশ্বাস করি। এ উৎসবের প্রতিপাদ্য:

"এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই"  
(Change the Country, Change the World)

উৎসবের অংশ হিসেবে জুলাই-আগস্ট ২০২৪ বিপ্লবের অনুপ্রেরণায় উজ্জীবিত হয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ের তত্ত্বাবধানে এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ সংস্থা, বিভিন্ন শিক্ষা-প্রতিষ্ঠান এবং ক্রীড়া ফেডারেশন কর্তৃক নানাবিধ কর্মসূচি আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে:

- তারুণ্যের উৎসব বিষয়ক ফিচার প্রকাশনা;
- জাতীয় সংসদ ভবনের সামনে এক্রোবেটিক শো;
- জুলাই-আগস্ট বিপ্লবের উপর চিত্র প্রদর্শনী ও স্মারক ডাকটিকেট প্রকাশনা;
- শিক্ষা প্রতিষ্ঠানে তারুণ্যের উৎসবের ব্যানার প্রদর্শনী;
- বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে দেশীয় খেলাধুলাকে উৎসাহ প্রদান;
- আত্মকর্মী, যুবসংগঠন, যুব উদ্যোক্তা ও তরুণদের উদ্যোগে যুব সমাবেশ অনুষ্ঠান;
- যুব উদ্যোক্তাদের স্থানীয় শিল্প ও পণ্য প্রদর্শনী, কারুপণ্য মেলা, উদ্যোক্তা সম্মেলনের মাধ্যমে অর্থনৈতিক সুযোগ সৃষ্টি;
- দেশীয় সংস্কৃতিকে উৎসাহ প্রদান, সাংস্কৃতিক অনুষ্ঠান, পিঠা উৎসব ও বইমেলা;
- নতুন বাংলাদেশ বিনির্মাণে যুবদের ভাবনা বিষয়ক বিভিন্ন কর্মশালা ও ফেস্টিভ্যাল আয়োজন;
- শিক্ষা-প্রতিষ্ঠান, স্টেডিয়াম-এ স্থানীয় পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা ও বর্জ্য-শূন্যতার প্রচার;
- জুলাই-আগস্ট বিপ্লবে যুব-জনতার সাহসী, উদ্ভাবনী ও জনমুখী উদ্যোগের উপর ডেমোক্রেসি অ্যাওয়ার্ড প্রদান/ 3 Zero Champion সম্মাননা প্রদান;
- উদ্ভাবনী ও জনমুখী বাংলাদেশ গঠনে প্রতিভা অন্বেষণে স্কীল, কুইজ, রচনা, বিতর্ক ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা; ইত্যাদি।

স্বাক্ষরিত/-

মো. রেজাউল মাকছুদ জাহেদী  
সচিব

স্মারক.নং-রেজি/প্রশা-৩/৪১০২-বি

তারিখ: ৩০/১১/২০২৪/১৪৩০ বঙ্গাব্দ  
১৫/১২/২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো:

১. সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়